গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২- ৫৭ তারিখ ঃ ০৪/০১/২০২৩

**বিষয় ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে ০৪/০১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের সভাকক্ষে ২০২২-২৩ অর্থবছরের এইচইডি, সার্কেল কার্যালয় কর্তৃক দাখিলকৃত ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়।উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী- ৪ (চার) পাতা।

০৪/০১/২০২৩
(মোঃ আব্দুল হামিদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

বিতরণঃ
কার্যক্রমঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।
৪। উপ-প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি ঃ
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এবং লাইন ডাইরেক্টর (পিএফডি ওপি)
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, এইচইডি,............................................... (সকল) বিভাগ।
৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

## শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ০৪/০১/২০২৩ খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতেই এইচইডি এর সকল কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়কে বিষয়বস্তু নিয়ে আলোচনার জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), এইচইডি জানান যে, গত ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখে শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ১ম ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর সার্কেল কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয় যা নিম্নে উল্লেখ করা হলোঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/ কার্যালয় |
|---|---|---|
| **১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজনঃ** মাঠ পর্যায়ের সার্কেল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে। | (১) নৈতিকতা কমিটির ৩য় সভা ফেব্রুয়ারী ২০২৩ মাসে আয়োজন করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ** সভায় নৈতিকতা কমিটির ১ম সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অধিকাংশ সার্কেল কার্যালয় ইতোমধ্যে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত করেছে মর্মে জানান। সভাপতি মহোদয় বাস্তবায়ন ও পরিমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে নির্দেশনা দেন। | (২) সভায় বাস্তবায়ন ও পরিমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভাঃ** কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ২টি সভা অনুষ্ঠানের জন্য বলা হয়। | (৩) সকল সার্কেল কার্যালয়ে অংশীজনের ১ম সভা ৩য় কোয়ার্টার আয়োজন করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষনের আয়োজন করতে হবে। | (৪) সকল সার্কেল কার্যালয় তার অধীনস্থ কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **১.৫ কর্মপরিবেশ উন্নয়নঃ** কর্মপরিবেশের উন্নয়নকল্পে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (৫) প্রতিটি কার্যালয়ে কর্মপরিবেশ উন্নয়নকল্পে পরিষ্কার পরিবেশনা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |

| | | |
|---|---|---|
| **২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশঃ** এইচইডি প্রধান কার্যালয়ের ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সার্কেল কার্যালয়ের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সার্কেলের নিজ নিজ ওয়েবসাইট প্রস্তুত করা প্রয়োজন। | সকল সার্কেল কার্যালয় নিজ নিজ ওয়েবসাইট প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণঃ** প্রতিটি সার্কেল কার্যালয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (১) রেজিস্টারে সেবার বিবরণ ও সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **৩.২ অফিসে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণঃ** কর্মকর্তা - কর্মচারীদের যথাসময়ে অফিসে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে। অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল অফিসে ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে। | (২) প্রতিমাসে পূর্ববর্তী মাসের অফিসে উপস্থিতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **৩.৩ বিভাগীয় ও জেলা অফিস পরিদর্শনঃ** সার্কেল কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়মিতভাবে তাঁর অধীনস্থ বিভাগীয় ও জেলা অফিস পরিদর্শন করবেন। | (৩) পরিদর্শন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |
| **৩.৪ বিভিন্ন সভায় দুর্নীতি বিরোধী আলোচনাঃ** সার্কেল কার্যালয়ে অনুষ্ঠিত বিভিন্ন আলোচনা সভায় সম্ভাব্য দুর্নীতি ক্ষেত্রসমূহ চিহ্নিত করতে হবে। | (৪) সার্কেল কার্যালয়ে অনুষ্ঠিত বিভিন্ন সভায় দুর্নীতি বিরোধী আলোচনা করতে হবে ও এতদসংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | সার্কেল কার্যালয় (সকল), এইচইডি |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) প্রধান কার্যালয়ের সভাকক্ষে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগগ্রগতি প্রতিবেদনের উপর অনুষ্ঠিত ফিডব্যাক সভায় কর্তকর্তাদের উপস্থিতির তালিকা ঃ

সভার তারিখ : ০৪/০১/২০২৩ খ্রিঃ

সময় : বেলা ১০.০০ ঘটিকা

স্থান : সভা কক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল হামিদ<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী | HED, HQ | 01726-263710 | (স্বাক্ষর) |
| ২ | এ কে এম বদরুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | সিলেট সার্কেল<br>সার্কেল-৬ | 01823402606 | (স্বাক্ষর) 04.01.23 |
| ৩ | মোঃ মনিরুজ্জামান মোল্লা<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | রাজশাহী সার্কেল<br>সার্কেল-৬ | 01715442242 | (স্বাক্ষর) 04/1/2023 |
| ৪ | দুলাল চন্দ্র [illegible]<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) | সার্কেল-৮<br>ময়মনসিং-২ | 01711-158723 | (স্বাক্ষর) 04/1/23 |
| ৫ | মোঃ আমিনুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌ: | সার্কেল-২<br>চট্টগ্রাম | [illegible] | (স্বাক্ষর) 4/1/23 |
| ৬ | প্রকৌ: মীর মো: আব্দুল [illegible]<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.) | সার্কেল-৪<br>এইচইডি, খুলনা। | 01722-868806<br>(01711-136456) | (স্বাক্ষর) 04/01/2023 |
| ৭ | গোলাম মাহাবুব<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.) | সার্কেল-৫<br>এইচইডি - বরিশাল | 01711986245 | (স্বাক্ষর) 04-01-2023 |
| ৮ | কাজী মামুনুল আলম<br>S.E. (cc) | Circle-7<br>HED- Rangpur | 01712040222 | (স্বাক্ষর) 04.01.23 |

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ৯ | মো: সাইফুল্লাহ ইসলাম সহকারী | সার্কেল-২ ভোলা | 01711482799 | [signature] 04.01.2022 |
| ১০ | Md. Anowar Hossain SE(P & A). | HED; H/Q | 01711-629070 | [signature] 04/01/22 |
| ১১ | মো: আব্দুল হামিদ তত্ত্বাবধায়ক প্রকৌ: (অতি:) (চ:দা:) | এইচইডি প্রধান কার্যালয় | 01727344256 | [signature] ০৪/০১/২২ |
| ১২ | | | | |
| ১৩ | | | | |
| ১৪ | | | | |
| ১৫ | | | | |
| ১৬ | | | | |
| ১৭ | | | | |
| ১৮ | | | | |
| ১৯ | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২-২৬ তারিখ ঃ ০২/০১/২৩

## "ফিডব্যাক সভার নোটিশ"

১। আগামী ০৪/০১/২০২৩ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) প্রধান কার্যালয়ের সভাকক্ষে অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর এক ফিডব্যাক সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত ফিডব্যাক সভায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্টক্রমে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচিঃ

(১) মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর'২০২২ - ডিসেম্বর'২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(২) বিবিধ।

02/01/2023

(মোঃ আব্দুল হামিদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

বিতরণঃ
কার্যাক্রমঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।
৪। উপ-প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

O/C অনুলিপি ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এবং লাইন ডাইরেক্টর (Physical Facilities Development) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। নির্বাহী প্রকৌশলী, এইচইডি,............................................ (সকল) বিভাগ।

৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
(তাঁকে সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো)